গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ৯৭৯০ তারিখঃ ১০/০৮/২০১৬ইং

প্রতি,

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
......................বিভাগ জেলাঃ .......................... ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
..................অঞ্চল জেলাঃ .......................... ।

৩। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা ঃ.......................... ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে অনুন্নয়ন বাজেটের আওতাধীন কাজ বাস্তবায়নের ক্ষেত্রে জরুরী নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ০২/১১/২০১৫ইং তারিখে জারীকৃত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) অর্পণ ও পুনঃঅর্পণ সংক্রান্ত আদেশের আলোকে এবং অনুন্নয়ন বাজেটের আওতায় ক্রয় কার্যক্রমে গতিশীলতা বাড়ানোর লক্ষ্যে অনুন্নয়ন বাজেটের আওতায় ই-জিপি পদ্ধতিতে কাজ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নরূপ গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করা হলোঃ

১। অনুন্নয়ন বাজেটের আওতায় ই-জিপি পদ্ধতিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুতকালে এখন থেকে সংশ্লিষ্ট প্যাকেজের Contract Approving Authority নির্বাচনকালে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) অর্পণ ও পুনঃঅর্পণ সংক্রান্ত আদেশ অনুযায়ী Contract Approving Authority নির্বাচন করতে হবে। এক্ষেত্রে অনুন্নয়ন বাজেটের আওতায় পূর্ত/ রক্ষণাবেক্ষণ কাজের Contract Approving Authority নির্বাচনের সময় ৫০.০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রে ক্রয়কারীকে (PE) (নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা), ৭৫.০ লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে (সংশ্লিষ্ট অঞ্চল) এবং ১.০ কোটি টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রে অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে (বিভাগ) HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (AO) হিসাবে নির্বাচন করতে হবে। অনুন্নয়ন বাজেটের আওতায় ১.০ কোটি টাকার অধিক প্রাক্কলিত মূল্যের পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসাবে থাকবেন। উল্লিখিত সকল প্রাক্কলিত মূল্যসমূহকে সম্ভাব্য চুক্তিমূল্য হিসাবে বিবেচনা করা হয়েছে।

২। যে সকল ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) অনুমোদনকারী কর্তৃপক্ষ থাকবেন, সে সকল ক্ষেত্রে e-GP পদ্ধতিতে "Work flow" তৈরীর সময় 'Reviewer' হিসাবে সংশ্লিষ্ট কাজের মনিটরিং ও তদারকি কর্তৃপক্ষ হিসাবে সদর দপ্তরের সংশ্লিষ্ট ইউনিটের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ইউনিট প্রধানকে অন্তর্ভূক্ত করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ইউনিট প্রধান মূল্যায়ন রিপোর্ট Review করে নথিতে (Hard Copy) HOPE এর সিদ্ধান্তের জন্য উপস্থাপন করবেন এবং HOPE কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে HOPE এর পক্ষে প্রকিউরমেন্ট ইউনিট ই-জিপি পদ্ধতিতে ফাইল Process করবে।

৩। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে দরপত্র মূল্যায়ন পরবর্তী মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের ক্ষেত্রে APP তে নির্বাচনকৃত Contract Approving Authority মূল্যায়ন প্রতিবেদন/চুক্তি অনুমোদনের সিদ্ধান্ত প্রদান করবেন। সেক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ই-জিপি পদ্ধতিতে পূর্ব নির্ধারিত Contract Approving Authority বরাবর প্রেরণ করবেন। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের অধিক হলে দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি মূল্যায়ন প্রতিবেদন ই-জিপি পদ্ধতিতে পূর্ব নির্ধারিত Contract Approving Authority এর পরিবর্তে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বরাবর প্রেরণ করবেন।

৪। উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। তবে ইতোমধ্যে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বরাবর প্রেরণকৃত দরপত্রসমূহের মূল্যায়ন প্রতিবেদনের ক্ষেত্রে উক্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।

০৮/৮/২০১৬

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। জনাব ..............................................................., সদস্য, e-GP/PROMIS Cell।

D:\e-GP Letter\e-GP Committee Letter\e-GP Letter (Proposed -Instruction 04-08-16).doc